



জাতীয় জুডো প্রতিযোগিতা ২০২২ এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় দলের অংশগ্রহণ



আগামী ২১ ও ২২ জানুয়ারি ২০২২ তারিখ হোসেন শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে ৩৭ তম জাতীয় জুডো প্রতিযোগিতা ২০২২ অনুষ্ঠিত হবে, যাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় জুডো দল অংশগ্রহণ করবে। এই উপলক্ষে ১৯ জানুয়ারি ২০২২, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় জুডো দল প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রাক্কালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

এসময় পরিচালক (ছাত্র কল্যাণ) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, ক্রীড়া উপকমিটি (ইনডোর গেমস) এর আহবায়ক ড. মোহাম্মদ আরিফউল ইসলামসহ অংশগ্রহণকারী শিক্ষার্থী সমাজবিজ্ঞান বিভাগের তাহমিদুল তানজিম, এম কে মারুফ, মনোবিজ্ঞান বিভাগের আকিব হায়দার ইমন উপস্থিত ছিলেন।